- গ. চিত্রের তন্ত্রটি হলো রেচনতন্ত্র। এর মাধ্যমে দেহের নাইট্রোজেন যুক্ত তরল, দূষিত পদার্থ পরিত্যক্ত হয়। যে তন্ত্র রেচন কার্যে সাহায্য করে তাকে রেচনতন্ত্র বলে। রেচন তন্ত্র যে অঙ্গের মাধ্যমে রেচন কার্য সম্পন্ন করে তা হলো বৃক্ক। এটি নিম্নরূপে রেচনকার্য সম্পন্ন করে।

সৃজনশীল প্রশ্ন ৫(ঘ) এর অনুরূপ।


- ঘ. A, B, C ও D অংশ হলো—

- A = বৃক্ক
B = মূত্রনালি
C = মূত্রথলি
D = মূত্রপথ

এ অংশগুলোর মধ্যে A অংশটি অর্থাৎ বৃক্ক অধিক গুরুত্বপূর্ণ। বৃক্ক দেহের প্রধান রেচন অঙ্গ। একে মূত্র তৈরির কারখানা হিসেবে অভিহিত করা হয়।

সৃজনশীল প্রশ্ন ৫(ঘ) এর অনুরূপ।

নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. নিউরন কী? ১
- খ. মেসেন্সেঞ্জ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
- গ. চিত্রে R চিহ্নিত অংশের গঠন বর্ণনা কর। ৩
- ঘ. জ্ঞান, বুদ্ধি, বিবেক ও পেশি চালনার কার্যকলাপ নিয়ন্ত্রণ করাই 'P' চিহ্নিত অংশটির কাজ-উক্তিটি বিশ্লেষণ কর। ৪


◀▶ ৭নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একক হলো নিউরন।
- খ. মেরুদন্ডের মধ্যে যে ধূসর ও শ্বেত পদার্থ সংরক্ষিত থাকে তাকে মেরুরঞ্জু বলে।
মেরুরঞ্জুর ধূসর পদার্থ থাকে ভিতরে এবং শ্বেত পদার্থ থাকে বাইরে। মেরুরঞ্জুর শ্বেত পদার্থের ভিতর দিয়ে অজ্ঞাবাহী এবং অনুভূতিবাহী স্নায়ুতন্তু যাতায়াত করে।
- গ. চিত্রে R চিহ্নিত অংশটি হলো পশ্চাৎ মস্তিষ্ক। এটি গুরুমস্তিষ্কের নিচে ও পশ্চাতে অবস্থিত। গুরুমস্তিষ্কের চেয়ে এটি আকারে ছোট। এটি তিনটি অংশ নিয়ে গঠিত। এদের গঠন নিচে বর্ণনা করা হলো :
সেরিবেলাম : পনসের বিপরীত দিকে অবস্থিত খন্ডাংশটি হলো সেরিবেলাম। এটি অনেকটা ঝুলন্ত অবস্থায় থাকে। সেরিবেলাম ডান ও বাম এই দুই অংশে বিভক্ত।
পনস : পনস পশ্চাৎ মস্তিষ্কের সামনে ও নিচে অবস্থিত। এটি গুরুমস্তিষ্ক, লঘুমস্তিষ্ক ও মধ্যমস্তিষ্ককে সুযুম্মাশীর্ষকের সাথে সংযোজিত করে।
মেডুলা বা সুযুম্মাশীর্ষক : এটি মস্তিষ্কের নিচের অংশ। যা পনসের নিম্নভাগ থেকে মেরুরঞ্জুর উপরিভাগ পর্যন্ত বিস্তৃত। এটি মস্তিষ্ককে মেরুরঞ্জুর সাথে সংযোজিত করে।
- ঘ. উদ্দীপকের 'P' চিহ্নিত অংশটি গুরুমস্তিষ্ক। এটি জ্ঞান, বুদ্ধি, বিবেক ও পেশি চালনার কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।
গুরুমস্তিষ্ক ডান ও বাম খন্ডে বিভক্ত। এদের ডান ও বাম সেরিব্রাল হেমিস্ফিয়ার বলে। এই দুই খন্ড ঘনিষ্ঠভাবে স্নায়ুতন্তু দ্বারা সংযুক্ত। এর উপরিভাগে ধূসর পদার্থের কয়েকটি স্তরে বিশেষ আকারের স্নায়ুকোষ দেখা যায়। এই স্নায়ুকোষগুলো গুরুমস্তিষ্কের বিভিন্ন অংশে গুচ্ছ বেঁধে স্নায়ুকেন্দ্র সৃষ্টি করে। ফলে এগুলো বিশেষ বিশেষ কর্মকেন্দ্র হিসেবে দর্শন, শ্রবণ, স্বাধ, চিন্তা চেতনা, স্মৃতি জ্ঞান বুদ্ধি বিবেক ও পেশি চালনার ক্রিয়াকেন্দ্র গুরু মস্তিষ্কের অবস্থিত।

নিচের চিত্রদ্বয় দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র- A



চিত্র- B

- ক. হরমোন কী? ১
- খ. মস্তিষ্কে মেডুলার কাজ ব্যাখ্যা কর। ২
- গ. A চিত্রের অঙ্গাণুটির গঠন ব্যাখ্যা কর। ৩
- ঘ. মানবদেহের B চিত্রের তন্ত্রটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪


◀▶ ৮নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. হরমোন হলো রাসায়নিক সমন্বক যা জীবদেহের বৃদ্ধি, বংশবিস্তার ইত্যাদির উপর সরাসরি প্রভাব বিস্তার করে।
- খ. মেডুলার কাজ হলো মস্তিষ্ক মেরুরঞ্জুর সাথে সংযোজিত করা।
মস্তিষ্কের এ হৃদস্পন্দন, খাদ্য গ্রহণ, শ্বসন ইত্যাদি কাজ নিয়ন্ত্রণ করে।
- গ. সৃজনশীল ২(গ) নং উত্তর দেখ।
- ঘ. B চিত্রে রেচনতন্ত্র দেখানো হয়েছে যা প্রাণিদেহের একটি অপরিহার্য অংশ।
রেচনতন্ত্রের বৃককে মূত্র তৈরির কারখানা হিসেবে অভিহিত করা হয়।
সৃজনশীল ৫ (ঘ) নং উত্তরের অনুরূপ।

নিচের চিত্রদ্বয় দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



S



P

- ক. নিউরন কাকে বলে? ১
- খ. প্রতিবর্ত চক্র বলতে কী বুঝায়? ২

গ. 'S'-এর তন্ত্রটির চিহ্নিত চিত্র অঙ্কন কর।

৩

ঘ. উদ্ভীপকে উল্লিখিত চিত্রে 'S' ও 'P'-এর উৎপন্ন বর্জ্যের বিশ্লেষণ কর।

৪


৯নং প্রশ্নের উত্তর

ক. স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একককে নিউরন বলে।

খ. প্রতিবর্ত চক্র বলতে তাৎক্ষণিক আত্মরক্ষার জন্য কোনো অঙ্গের তড়িৎ ক্রিয়াকে বোঝায়।

হাতের উপর মশা বসলে স্নায়ুর গ্রাহক পাশের উদ্ভীপক হলো মশা, এর উপস্থিতি অনুভব করার সঙ্গে সঙ্গে কোষ প্রান্তে সাড়া জাগে। আমরা মশাটিকে তাড়িয়ে দেই অথবা মেরে ফেলি। এটি ঘটে স্নায়ু তাড়নার তাৎক্ষণিক কার্যকারিতার ফলে।

গ. 'S' হলো বৃক্ক এবং এর তন্ত্রটি হলো রেচনতন্ত্র। এর চিহ্নিত চিত্র নিচে অঙ্কিত হলো :



চিত্র : রেচনতন্ত্র

ঘ. উদ্ভীপকে উল্লিখিত চিত্রের 'S' হলো বৃক্ক আর 'P' হলো ফুসফুস। এরা রেচন অঙ্গ সাহায্যে দেহের বর্জ্য পদার্থ নিকাশিত হয়। 'S' এর মাধ্যমে দেহের নাইট্রোজেন যুক্ত তরল, দূষিত পদার্থ পরিত্যক্ত হয়। 'P' এর মাধ্যমে শ্বসন ক্রিয়ার সময় নিঃশ্বাসের বায়ুতে আমাদের দেহকোষের বর্জ্য বের হয়।

'S' তথা বৃক্ককে মূত্র তৈরির কারখানা হিসেবে অভিহিত করা হয়। যকৃত আমাদের দেহে নাইট্রোজেন ঘটিত ক্ষতিকর বর্জ্য পদার্থ তৈরি করে। 'S' রক্ত থেকে ক্ষতিকর পদার্থ হেঁকে নেয়। সেগুলো পানির সাথে মিশে হালকা হলুদ বর্ণের মূত্র তৈরি করে মূত্রে ইউরিয়া জাতীয় দূষিত পদার্থ থাকে।

'P' বা ফুসফুসের সাহায্যে দেহে বিপাকীয় কার্যাবলির ফলে উৎপন্ন কার্বন ডাইঅক্সাইড বের হয়ে যায়। অল্প পরিমাণ কার্বন ডাইঅক্সাইড দেহের জন্য তেমন ক্ষতিকর নয়। কিন্তু বেশি পরিমাণ কার্বন ডাইঅক্সাইড বিস্কৃত যা দেহের জন্য অত্যন্ত ক্ষতিকর। নিঃশ্বাসের বায়ুতে শতকরা ৪ ভাগ কার্বন ডাইঅক্সাইড আছে।

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-M

ক. লোমকূপ কী?

১

খ. রেচন পদার্থ কী? ব্যাখ্যা কর।

২

গ. উদ্ভীপকের চিত্রের গঠন বর্ণনা কর।

৩

ঘ. উদ্ভীপকের চিত্রটি প্রাণীকে পরিবেশের সাথে সমন্বয় ঘটাতে কার্যকর ভূমিকা পালন করে- তোমার মতামত দাও।

৪

১০নং প্রশ্নের উত্তর

ক. লোমকূপ হলো ত্বকের অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র।

খ. রেচন পদার্থ হলো সেই সব পদার্থ যোগুলো দেহের জন্য ক্ষতিকর ও অপয়োজনীয়।

বিপাকের ফলে পানি, কার্বন ডাইঅক্সাইড ও ইউরিয়া প্রভৃতি দূষিত পদার্থ দেহে প্রস্কৃত হয়। এগুলো নিয়মিত ত্যাগ না করলে স্বাস্থ্যহানি ঘটে। এ সকল বর্জ্য প্রধানত নিঃশ্বাস, বায়ু ও মূত্রের সাথে দেহের বাইরে চলে যায়।

গ. উদ্ভীপকের চিত্রটি হলো স্নায়ুতন্ত্রের গঠনের একক নিউরন বা স্নায়ুকোষের চিত্র। নিম্নে নিউরন বা স্নায়ুকোষের গঠন বর্ণনা করা হলো :

নিউরন দুটি প্রধান অংশ নিয়ে গঠিত। যথা : (ক) কোষদেহ ও (খ) প্রলম্বিত অংশ।

কোষদেহ : কোষদেহ নিউরনের প্রধান অংশ। যা কোষ আবরণী, সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস নিয়ে গঠিত। এ কোষে সেন্দ্রিওল থাকে না।


প্রলম্বিত অংশ : কোষদেহ থেকে উৎপন্ন শাখা-প্রশাখাকে প্রলম্বিত অংশ বলে। এগুলো দুই প্রকারের। যথা : অ্যাক্সন এবং ডেনড্রন।

অ্যাক্সন : এটি কোষদেহ থেকে উৎপন্ন লম্বা সূতার মতো অংশ এর যে প্রান্তে কোষদেহ থাকে তার বিপরীত প্রান্ত থেকে শাখা বের হয়। সাধারণত একটি নিউরনে একটিই অ্যাক্সন থাকে।

ডেনড্রন : এটি কোষদেহের চারদিক থেকে উৎপন্ন শাখা-প্রশাখা এরা বেশি লম্বা হয় না। এদের শাখাগুলোকে ডেনড্রাইট বলে।

- ঘ. উদ্দীপকের চিত্রটি হলো নিউরনের যা স্নায়ুতন্ত্রের গঠন ও কাজের একক। এটি প্রাণীকে পরিবেশের সাথে সমন্বয় ঘটাতে কার্যকর ভূমিকা রাখে। বহুকোষী জীবের দেহে টিস্যু, অঙ্গ ও তন্ত্র ইত্যাদির ভিন্ন ভিন্ন গঠন পরিলক্ষিত হয়। বিভিন্ন প্রত্যঙ্গে ছড়িয়ে রয়েছে অগণিত কোষের বিচিত্র কর্মকাণ্ড। এই কর্মকাণ্ডের সাথে যোগসূত্র রচনা করা এবং পরিবেশের সাথে সম্পর্ক রাখার জন্য জীবদেহে দ্রুত যোগাযোগ রক্ষা করা প্রয়োজন। আনন্দ, দুঃখ, হাসি, কান্না ইত্যাদি কাজগুলো ঘটে বিভিন্ন উদ্দীপকের কার্যকারিতার ফলে। দেহের বিভিন্ন অংশের উদ্দীপনা বহন করা, দেহের বিভিন্ন অঙ্গের কাজের সমন্বয় সাধন করা ও পরিবেশের সাথে সম্পর্ক রাখা স্নায়ুতন্ত্রের কাজ। উদ্দীপনা বহন, প্রাণীদের ভিতরের ও বাইরের পরিবেশের সাথে সংযোগ রক্ষা, প্রাণিদেহের বিভিন্ন অঙ্গের মধ্যে কাজের সমন্বয় সাধন, মস্তিষ্কে স্মৃতি ধারণ, চিন্তা ও বিভিন্ন কাজের নির্দেশ দেওয়া ও পরিচালনার কাজ করে থাকে।


নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. প্রজনন কো? ১
 খ. অঙ্কুরোদগম বলতে কী বোঝায়? ২
 গ. M-চিত্রের বিভিন্ন অংশ চিহ্নিত কর। ৩
 ঘ. মানবদেহে চিত্রের A অংশটির পুরুত্ব অপরিমিত- ব্যাখ্যা কর। ৪

১১নং প্রশ্নের উত্তর


- ক. যে প্রক্রিয়ায় জীব তার প্রতিরূপ বা বংশধর সৃষ্টি করে সেটিই প্রজনন।
 খ. বীজ থেকে শিশু উদ্ভিদ উৎপন্ন হওয়ার প্রক্রিয়াকে অঙ্কুরোদগম বলে।
 কখনো কখনো ভ্রূণকান্ড মাটি ভেদ করে এ প্রক্রিয়ায় উপরে উঠে আসে কিন্তু বীজপত্রটি মাটির ভিতরে থেকে যায়। আবার কখনো বীজপত্রসহ ভ্রূণমুকুল মাটি ভেদ করে উপরে উঠে আসে।
 যথাযথভাবে অঙ্কুরোদগম হওয়ার জন্য প্রয়োজনীয় পানি, তাপ ও অক্সিজেন প্রয়োজন হয়।
 গ. M চিত্রটি হলো নিউরনের স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একক। নিচে এর চিহ্নিত চিত্র অঙ্কিত হলো :



- ঘ. চিত্রের A অংশ স্নায়ুকোষ নিউরনের ডেনড্রাইট দেখানো হয়েছে। স্নায়ুতন্ত্রের নিউরনের কোষদেহের চারদিক থেকে উৎপন্ন শাখা প্রশাখাগুলোকে ডেনড্রন বলে। এগুলো বেশি লম্বা হয় না। ডেনড্রন থেকে সৃষ্ট শাখাগুলোকে ডেনড্রাইট বলে। এদের দ্বারা স্নায়ু তাড়না নিউরনের দেহের দিকে প্রবাহিত হয়। একটি স্নায়ুকোষের অ্যাক্সন অন্য একটি স্নায়ুকোষের ডেনড্রনের সাথে মিলিত হওয়ার স্থানকে সিন্যাপস বলে। সিন্যাপসের মাধ্যমেই স্নায়ু তাড়না এক কোষ থেকে অন্য স্নায়ুকোষে পরিবাহিত হয়।

উদ্দীপনা বহন করা, প্রাণিদেহের ভিতরের ও বাইরের পরিবেশের সাথে সংযোগ রক্ষা করা প্রাণিদেহের বিভিন্ন অঙ্গের মধ্যে কাজের সমন্বয় সাধন করা, চিলা ও বিভিন্ন কাজের নির্দেশ দেওয়া নিউরনের কাজ। আর এ কাজ নিউরন করে থাকে যা সিন্যাপসের মাধ্যমে প্রাপ্ত উদ্দীপনা দ্বারা। আবার সিন্যাপস তৈরিতে ডেনড্রাইটের উপস্থিতি অবশ্যম্ভাবী হওয়ায় বলা যায়, মানবদেহে চিত্রের A অংশটি তথা ডেনড্রাইটের গুরুত্ব অপরিমিত।

নিচের চিত্র দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : ক

- | | |
|---|---|
| ক. অক্সিজন কী? | ১ |
| খ. রোচন ও রেচন পদার্থ বলতে কী বুঝ? | ২ |
| গ. উদ্দীপকের 'ক' চিত্রের গঠন ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. মানবদেহে উদ্দীপনা পরিবহনে উপরের কোষের গুরুত্ব বিশ্লেষণ কর। | ৪ |

১২নং প্রশ্নের উত্তর

- ক. অক্সিজন হলো উদ্ভিদের বৃদ্ধিসহায়ক একটি হরমোন।
- খ. রোচন বলতে দেহের বর্জ্য পদার্থ নিকাশন ব্যবস্থাকে বুঝায়। আর রেচন পদার্থ হলো সেইসব পদার্থ যেগুলো রোচন প্রক্রিয়ার মাধ্যমে তৈরি হয়। এসব পদার্থ দেহের জন্য ক্ষতিকর ও অপয়োজনীয়।
বিপাকের ফলে পানি, কার্বন ডাইঅক্সাইড, ইউরিয়া প্রভৃতি দূষিত পদার্থ দেহে প্রস্তুত হয়। এসকল বর্জ্য পদার্থ প্রধানত নিঃশ্বাস বায়ু, ঘাম এবং মূত্রের সাথে দেহের বাইরে চলে যায়। এসবই রেচন পদার্থ আর এগুলো দেহ থেকে বের করে দেওয়ার প্রক্রিয়াকে বলা হয় রেচন।
- গ. সৃজনশীল ২(গ) নং উত্তর দেখ।
- ঘ. সৃজনশীল প্রশ্ন ১০ (ঘ) নং উত্তরের অনুরূপ।

নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- | | |
|--|---|
| ক. রেচনতন্ত্র কাকে বলে? | ১ |
| খ. ৩টি রেচন অঙ্গের নাম লেখ। | ২ |
| গ. প্রদর্শিত চিত্রটি অঙ্কন করে চিহ্নিত কর। | ৩ |
| ঘ. প্রদর্শিত অঙ্গটি প্রাণিদেহের একটি অপরিহার্য অংশ। উক্তিটি বিশ্লেষণ কর। | ৪ |

১৩নং প্রশ্নের উত্তর

- ক. যে তন্ত্রের মাধ্যমে রেচনকার্য সম্পন্ন হয় তাকে রেচনতন্ত্র বলে।
- খ. তিনটি রেচন অঙ্গের নাম হলো : ফুসফুস, বৃক্ক ও মূত্রথলি।
- গ. সৃজনশীল ৯(গ) নং উত্তর দেখ।
- ঘ. উদ্দীপকের চিত্রে রেচনতন্ত্র দেখানো হয়েছে যা প্রাণিদেহের একটি অপরিহার্য অংশ।
সৃজনশীল প্রশ্ন ৫ (ঘ) নং উত্তরের অনুরূপ।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

হাসান ইউরোপের একটি বিশ্ববিদ্যালয়ের 'স্নায়ুতন্ত্রের কোষ বিষয়ের ওপর গবেষণা করছেন। এজন্য তিনি একটি বিশেষ কোষ নিয়ে গবেষণা করে জানতে পেরেছেন, অনুভূতি বহনে এর দুটি উল্লেখযোগ্য অংশ মূল ভূমিকা পালন করে। অংশ দুটির একটি দেখতে সুতার মতো ও লম্বা। অপর অংশটি শাখা-প্রশাখায়ুক্ত। এ শাখা-প্রশাখাগুলো বেশি লম্বা নয়।


[ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়]

- ক. মেরুরঞ্জু কোথায় সংরক্ষিত থাকে? ১
- খ. স্নায়ু তাড়না কীভাবে প্রবাহিত হয়? ২
- গ. হাসান গবেষণার মাধ্যমে জ্ঞাত অংশ দুটির মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৩
- ঘ. মানবদেহে উল্লিখিত কোষটি না থাকলে কী ঘটত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

▶▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. মেরুরঞ্জু মেরুদণ্ডের মধ্যে সংরক্ষিত থাকে।
- খ. যে কোনো ধরনের স্নায়ু তাড়না অনুভূতিবাহী স্নায়ুতন্ত্রের মাধ্যমে মেরুরঞ্জুতে পৌঁছে। ঐ একই তাড়না অনুভূতিবাহী স্নায়ুকোষ থেকে আঞ্জাবাহী স্নায়ুতে প্রবাহিত হয়। স্নায়ুতাড়না আঞ্জাবাহী কোষে পৌঁছামাত্র সংবেদন স্থানে প্রেরিত হয়। এভাবে স্নায়ুতাড়না প্রবাহিত হয়।
- গ. হাসানের গবেষণার মাধ্যমে জ্ঞাত অংশ দুইটি হলো কোষদেহ ও অ্যাক্সন।
কোষদেহ নিউরনের প্রধান অংশ। এটি গোলাকার, ডিম্বাকার বা নক্ষত্রাকার হতে পারে। কোষদেহ কোষ আবরণী, সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস দ্বারা গঠিত। এই কোষে সেন্ট্রিওল থাকে না।
কোষদেহ থেকে উৎপন্ন লম্বা সুতার মতো অংশকে অ্যাক্সন বলে। অ্যাক্সনের যে প্রান্তে দেহকোষ থাকে তার বিপরীত প্রান্ত থেকে লম্বা সুতার মতো শাখা বের হয়। একটি নিউরনের একটি মাত্র অ্যাক্সন।
- ঘ. উল্লিখিত কোষটি হলো স্নায়ুকোষ বা নিউরন যা মানবদেহে না থাকলে মানুষের পক্ষে পরিবেশের সাথে সম্পর্ক রক্ষা করা সম্ভব হতো না।
স্নায়ুকোষ বা নিউরন উদ্দীপনা গ্রহণ করে উপযুক্ত প্রতিবেদন সৃষ্টি করে এবং তা বাস্তবায়ন করে। স্নায়ুকোষ স্মৃতি সংরক্ষণ করে মানুষের দেহের বিভিন্ন অঙ্গের কাজ নিয়ন্ত্রণ করে এবং তাদের মধ্যে সমন্বয় সাধন করে।
স্নায়ুকোষ না থাকলে প্রাণীর জনন, চলন, শ্বসন, খাদ্যগ্রহণ, প্রতিরক্ষা প্রভৃতি কাজ ঘটতো না, উদ্দীপনা পরিবাহিত হতো না, স্মৃতি সংরক্ষণের কাজ হতো না। ফলে প্রাণী নানা ধরনের জৈবিক সমস্যায় ভুগতো এবং পরিণামে প্রাণিকুল ধ্বংস হয়ে যেতো।

■ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. রেচনতন্ত্র কী? ১
- খ. মূত্রের তিনটি উপাদানের নাম লেখ। ২
- গ. উদ্দীপকের প্রক্রিয়াটি বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকের প্রক্রিয়ার সাহায্যে প্রতিবর্ত ক্রিয়া চিহ্নিত চিত্রসহ বর্ণনা কর। ৪

▶▶ ১৫নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. যে তন্ত্র রেচন কার্যে সাহায্য করে তাই রেচনতন্ত্র।
- খ. মূত্রের তিনটি উপাদানের নাম হলো- ইউরিয়া, ইউরিক এসিড ও অ্যামোনিয়া।
- গ. উদ্দীপকে উদ্দীপনা বহনের প্রক্রিয়া দেখানো হয়েছে। এ প্রক্রিয়ার মাধ্যমে পাণিদেহের বিভিন্ন কাজের মধ্যে সমন্বয় বজায় থাকে।
উদ্দীপনা বহনের কাজটি করে থাকে স্নায়ুকোষ বা নিউরন সিনড্রাইট নিউরনের কোষদেহের চারদিক থেকে উৎপন্ন শাখা প্রশাখাগুলোকে ডেনড্রন বলে। ডেনড্রন থেকে সৃষ্ট শাখাগুলোকে ডেনড্রাইট বলে। ডেনড্রাইট দ্বারা স্নায়ুতাড়না নিউরনের দেহের দিকে পরিবাহিত হয়। একটি স্নায়ুকোষের অ্যাক্সন অন্য একটি স্নায়ুকোষের ডেনড্রনের সাথে মিলিত হওয়ার স্থানকে সিন্যাপস বলে। সিন্যাপসের মাধ্যমেই স্নায়ুতাড়না এক স্নায়ুকোষ থেকে অন্য স্নায়ুকোষে পরিবাহিত হয়।
এ প্রক্রিয়ার মাধ্যমে উদ্দীপনা বহন করা, পাণিদেহের ভিতরের ও বাইরের পরিবেশের সাথে সংযোগ রক্ষা, পাণিদেহের বিভিন্ন অঙ্গের মধ্যে কাজের সমন্বয় সাধন, মস্তিষ্কে স্মৃতিধারণ, চিন্তা ও বিভিন্ন কাজের নির্দেশ দেওয়া ও পরিচালনা প্রকৃতি কাজ সম্পন্ন হয়।
- ঘ. উদ্দীপকের প্রক্রিয়াটি হলো স্নায়ুর উদ্দীপনা বহনের প্রক্রিয়া। এ প্রক্রিয়ার সাহায্যে প্রতিবর্ত ক্রিয়া বর্ণনা করা যায়।

তাৎক্ষণিক আত্মরক্ষার জন্য কোনো অঙ্গের তড়িৎক্রিয়ার নাম প্রতিবর্ত ক্রিয়া। যেমন : অগুনে হাত লাগা বা পিনে হাত ফোটা মাত্র টেনে নেওয়া, চোখে প্রখর আলো পড়ামাত্র চোখের পাতা বন্ধ হয়ে যাওয়া। অর্থাৎ প্রতিবর্ত ক্রিয়া ঘটে স্নায়ুর তাড়নার তাৎক্ষণিক কার্যকারিতার ফলে। এ চক্রের পাঁচটি অংশ থাকে। যথা : ১. গ্রাহক অঙ্গ, ২. অনুভূতিবাহী স্নায়ু, ৩. প্রতিবর্ত কেন্দ্র, ৪. আঞ্জাবাহী স্নায়ু এবং ৫. সাড়া প্রদানকারী অঙ্গ।



ত্বকে যে কোনো তাড়না সৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে বেশকিছু অনুভূতিবাহী স্নায়ু উদ্দীপনা গ্রহণ করে। এ উদ্দীপনা অনেকগুলো পরস্পর সংযুক্ত স্নায়ুকোষের মাধ্যমে অনেকগুলো আঞ্জাবাহী কোষে প্রবাহিত হয়। এসব আঞ্জাবাহী স্নায়ু পেশিতে উদ্দীপনা বহন করে হাত সরিয়ে আনে। অনুভূতি মস্তিষ্কেও পৌঁছায়। ফলে কী ঘটছে শরীর তা জানতে পারে।

দেখা যাচ্ছে যে, প্রতিবর্ত ক্রিয়া একটি সমন্বিত কার্যক্রম। প্রতিবর্ত ক্রিয়ায় যে অংশগুলো কাজ করে এদের যে কোনো একটির অভাবে কাজটি সঠিকভাবে হতে পারে না।

অতএব, উদ্দীপকের প্রক্রিয়ার সাহায্যেই প্রতিবর্ত ক্রিয়া পরিচালিত হয়।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

৮ম শ্রেণির ছাত্র রুশনারা আমীনের বাম হাতে একটি মশা কামড় দেওয়ার সাথে সাথে ডান হাত দিয়ে মশাটি মেরে ফেলল। কামড় দিলে আমরা কেমন করে দ্রুত তাতে সাড়া দেই এ বিষয়ে বিজ্ঞান শিক্ষক ক্লাসে আলোচনা করছিলেন যে, এটি একটি বিশেষ ধরনের চক্র বা ক্রিয়া।

- | | |
|--|---|
| ক. স্নায়ুর তাড়না কী? | ১ |
| খ. প্রতিবর্ত ক্রিয়ার অংশগুলো কী কী? | ২ |
| গ. বিজ্ঞান শিক্ষক যে চক্রের কথা বলেছেন তার একটি চিহ্নিত চিত্র অংকন কর। | ৩ |
| ঘ. মশার কামড়ের প্রতি রুশনারা আমীনের সাড়া দেয়ার প্রতিক্রিয়াটির বিস্তারিত ব্যাখ্যা কর। | ৪ |

১৬নং প্রশ্নের উত্তর

- ক. স্নায়ুর ভিতর দিয়ে যে সংবাদ বা অনুভূতি প্রবাহিত হয় তাকে স্নায়ু তাড়না বলে।
- খ. প্রতিবর্ত ক্রিয়ার পাঁচটি অংশ থাকে। যথা : ১. গ্রাহক অঙ্গ, ২. অনুভূতিবাহী স্নায়ু, ৩. প্রতিবর্ত কেন্দ্র, ৪. আঞ্জাবাহী স্নায়ু এবং ৫. সাড়া প্রদানকারী অঙ্গ।
- গ. বিজ্ঞান শিক্ষক যে চক্রের কথা বলেছেন তা হলো প্রতিবর্ত চক্র। নিচে এর চিহ্নিত চিত্র অঙ্কন করা হলো :



- ঘ. মশার কামড়ের প্রতি রুশনারা আমীনের সাড়া দেয়ার প্রতিক্রিয়াটি ছিল প্রতিবর্ত ক্রিয়ার কারণে।
- তাৎক্ষণিক আত্মরক্ষার জন্য কোনো অঙ্গের তড়িৎ ক্রিয়ার নাম প্রতিবর্ত ক্রিয়া। হাতে মশা কামড় দেওয়ার সাথে সাথে অনুভূতিবাহী স্নায়ুতন্তু যন্ত্রণা গ্রহণ করে। এই যন্ত্রণাদায়ক তাড়না অনুভূতিবাহী স্নায়ুতন্তুর মাধ্যমে মেডুলা স্পিনালাতে পৌঁছে। ঐ একই তাড়না অনুভূতিবাহী স্নায়ুকোষ থেকে আঞ্জাবাহী স্নায়ুতে প্রবাহিত হয়। স্নায়ুতাড়না আঞ্জাবাহী কোষে পৌঁছামাত্র পেশিতে প্রেরণ করে। ফলে পেশি সংকুচিত হয়। এর ফলে যন্ত্রণার উৎসের দিকে অন্য হাতটি এগিয়ে যায় এবং মশাকে আঘাত করে। এ ক্রিয়ার কারণেই রুশনারা আমীন হাতে বসে থাকা মশা মেরে ফেলল।
- অতএব, উপরিউক্ত আলোচনা থেকে দেখা যায় রুশনারা হাতে মশার কামড় অনুভব করেছে স্নায়ুর উদ্দীপনার জন্য। স্নায়ুর ক্রিয়া যা উদ্দীপনায় সাড়া দেওয়াও তাই। এটিই প্রতিবর্ত ক্রিয়া।

সৃজনশীল প্রশ্নব্যাংক



চিত্র-A



চিত্র-B

- ক. ডেনড্রাইট কাকে বলে? ১
- খ. স্নায়ুকোষের বৈশিষ্ট্য কী? ২
- গ. দেহকোষ ও B কোষের মধ্যে কী কী সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখা যায়? ৩
- ঘ. মানবদেহে A গঠনে B এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

তামিমদের আমগাছে এবার তেমন ফুল আসেনি, যা এসেছিল তাও বারে গেছে। শূনে তার কৃষিবিদ চাচা বললেন, গাছটিতে কিছু হরমোনের অভাব রয়েছে এবং আরও বললেন, শুধু ফুল ধারণ নয় উদ্ভিদের বিভিন্ন শারীরতাত্ত্বীয় কাজে হরমোন সমন্বয় সাধন করে।

- ক. দিকমুখিতা কী? ১
- খ. অক্সিনের চারটি বৈশিষ্ট্য লেখ। ২
- গ. তামিমদের আমগাছে এরূপ অবস্থা হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. চাচার বক্তব্যের শেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

মানবদেহে কয়েকটি অঙ্গ সম্মিলিতভাবে তন্ত্র গঠন করে বিশেষ একটি তন্ত্র দেহের বিভিন্ন অংশের উদ্দীপনা বহন করে ও দেহের বিভিন্ন অঙ্গের কাজের সমন্বয় সাধন করে। এ তন্ত্রের প্রধান অংশ হলো মানব মস্তিষ্ক।

- ক. নেফ্রন কা? ১
- খ. গুরু মস্তিষ্কের কাজ কী? ২
- গ. উদ্দীপকের বিশেষ তন্ত্রটি যে কোষ দিয়ে গঠিত তার গঠন বর্ণনা কর। ৩
- ঘ. উল্লিখিত তন্ত্রের প্রধান অংশটির গঠন বিশ্লেষণ কর। ৪

যে তন্ত্র দেহের বিভিন্ন অঙ্গের মধ্যে কাজের সমন্বয় সাধন করে এবং দেহের উদ্দীপনায় সাড়া দিয়ে পরিবেশের সাথে সম্পর্ক রক্ষা করে তাকে স্নায়ুতন্ত্র বলে। উন্নত মস্তিষ্কের অধিকারী হয়ে মানুষ শ্রেষ্ঠ জীব।

- ক. স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী এককের নাম কী? ১
- খ. থ্যালামাস ও হাইপোথ্যালামাসের কাজ লেখ। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত তন্ত্রের একটি কোষের সচিত্র বর্ণনা দাও। ৩
- ঘ. 'মস্তিষ্ক অসংখ্য স্নায়ুকোষের দ্বারা তৈরি' উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন -----//

প্রশ্ন ১ ১ ১ হরমোনের প্রয়োজনীয়তা আলোচনা কর।

উত্তর : বহুকোষী প্রাণীদের বিভিন্ন অংশের মধ্যে সমন্বয় সাধক হিসেবে স্নায়ুতন্ত্র ও বিবিধ হরমোন কাজ করে। বহুকোষী উদ্ভিদে স্নায়ুতন্ত্র অনুপস্থিত থাকায় হরমোনই একমাত্র সমন্বয় সাধক হিসেবে কাজ করে। জীবের বৃদ্ধি, প্রজনন, বংশবিস্তার, অনুভূতি গ্রহণ ও প্রতিক্রিয়া সৃষ্টি ইত্যাদি বৈশিষ্ট্য আছে। এ কাজগুলো করার জন্য হরমোনের গুরুত্ব অপরিসীম। হরমোন বহুকোষী জীবদেহের বিভিন্ন অংশের কার্যের সমন্বয় সাধনের ভূমিকা গ্রহণ করায় হরমোনকে রাসায়নিক সমন্বয়কও বলে। জীবের জীবন চক্রের প্রতিটি ধাপে হরমোনের সক্রিয় অংশগ্রহণ থাকে বলে হরমোনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

প্রশ্ন ২ ২ ২ অক্সিন ও জিব্বেরেলিনের কাজ উল্লেখ কর।

উত্তর : অক্সিনের কাজ— (i) আলোর দিকে উদ্ভিদের বৃদ্ধি ঘটায় (ii) শাখা কলমে মূল গজায় (iii) অকালে ফলঝরা রোধ করে।

জিব্বেরেলিনের কাজ— (i) উদ্ভিদের পর্বমধ্যগুলোর দৈর্ঘ্যের বৃদ্ধি ঘটায় খর্বাকার উদ্ভিদের দৈর্ঘ্যবৃদ্ধি ঘটাতে সাহায্য করে।

(ii) বীজের সুপ্তাবস্থা কাটাতে সাহায্য করে।

প্রশ্ন ৩ ৩ ৩ প্রতিবর্ত ক্রিয়া ব্যাখ্যা কর।

উত্তর : তাৎক্ষণিক আত্মরক্ষার জন্য কোনো অঙ্গের তড়িৎ ক্রিয়ার নাম প্রতিবর্ত ক্রিয়া। এটি ঘটে স্নায়ু তড়িৎকার তাৎক্ষণিক কার্যকারিতার ফলে। স্নায়ুর ভেতর দিয়ে যে সংবাদ বা অনুভূতি প্রবাহিত হয় তাকে স্নায়ু তড়িৎ বলে। যেমন : হাতের উপর মশা বসলে স্নায়ুর গ্রাহক প্রান্তের উদ্দীপক হলো মশা, এর উপস্থিতি অনুভব করার সঙ্গে সঙ্গে কোষ প্রান্তের সাড়া জাগে। আমরা মশাটিকে তড়িয়ে দিই অথবা মেরে ফেলি। এ সকল ক্রিয়া যেন অজ্ঞাতসারে আপনা-আপনি হয়ে থাকে। এরূপ যে ক্রিয়া অনুভূতির উদ্ভেজনা দ্বারা উৎপন্ন হয়, মস্তিষ্ক দ্বারা চালিত হয় না তাকেই প্রতিবর্ত ক্রিয়া বলে।

প্রশ্ন ৪ ৪ ৪ বৃকের কাজ বর্ণনা কর।

উত্তর : বৃকের কাজ নিম্নরূপ :

- (i) দেহের নাইট্রোজেনযুক্ত রেশন পদার্থকে মূত্রের মাধ্যমে দেহ থেকে বাইরে বের করে দেওয়া।
(ii) দেহের পানির সমতা বজায় রাখা।

□ নিজেরা কর -----//

প্রশ্ন ১১ ৥ তোমার চোখের পাতার উপর আলো পড়লে তুমি চোখ বন্ধ করে ফেল কেন? কারণটি যুক্তি দিয়ে ব্যাখ্যা কর।

উত্তর : চোখে আলো পড়লে আমরা চোখ বন্ধ করে ফেলি প্রতিবর্ত ক্রিয়ার ফলে।

আলো চোখের পাতার অনুভূতিবাহী স্নায়ুতন্তু আলোর উদ্দীপনা গ্রহণ করে। এই উদ্দীপনা তাড়না অনুভূতিবাহী স্নায়ুতন্তুর মাধ্যমে স্নায়ুরঞ্জুতে পৌঁছায়। এই তাড়না অনুভূতিবাহী স্নায়ুকোষ থেকে আজ্ঞাবাহী স্নায়ুতে প্রবাহিত হয়। আজ্ঞাবাহী স্নায়ুকোষে তাড়না পৌঁছামাত্র চোখের পেশি সংকুচিত হয় এবং চোখ বন্ধ করি।

প্রশ্ন ১২ ৥ তোমরা একটি পাতাবাহার গাছের আগা কেটে দাও। এবার কয়েকদিন ধরে পর্যবেক্ষণ কর। কী ঘটে এবং কেন ঘটে তা ব্যাখ্যা কর।

উত্তর : উদ্ভিদের কান্ডের শীর্ষে থাকে শীর্ষমুকুল এবং এর অগ্রভাগে অঙ্গিন থাকার কারণে উদ্ভিদ লম্বা হয়। আমরা একটি পাতাবাহার আগা কেটে দেওয়ার ফলে কয়েকদিন পর দেখা গেল গাছটির পাতার গোড়া থেকে ডাল বের হচ্ছে। উদ্ভিদের কান্ডের শীর্ষে থাকে শীর্ষমুকুল এবং এর বৃদ্ধি ঘটায় অঙ্গিন নামক উদ্ভিদ হরমোন। পাতাবাহারের আগা কেটে দেওয়া কান্ডের পর্বে অর্থাৎ পাতার গোড়ায় অবস্থিত কাম্বিক মুকুলগুলো অঙ্গিনের প্রভাবে উদ্দীপিত হয়ে বৃদ্ধি পেয়ে শাখা-প্রশাখার সৃষ্টি করে।

অনুশীলনের জন্য দক্ষতান্তরের প্রশ্ন ও উত্তর

□ জ্ঞানমূলক -----//

প্রশ্ন ১ ৥ উদ্ভিদের প্রধান বৃদ্ধি নিয়ন্ত্রক হরমোন কী?

উত্তর : উদ্ভিদের প্রধান বৃদ্ধি নিয়ন্ত্রক হরমোন অঙ্গিন।

প্রশ্ন ২ ৥ কোন হরমোন উদ্ভিদের ফুল ফোটাতে সাহায্য করে?

উত্তর : ফ্লোরিজেন হরমোন উদ্ভিদের ফুল ফুটাতে সাহায্য করে।

প্রশ্ন ৩ ৥ একটি গ্যাসীয় উদ্ভিদ হরমোনের নাম উল্লেখ কর।

উত্তর : একটি গ্যাসীয় উদ্ভিদ হরমোনের নাম— ইথিলিন।

প্রশ্ন ৪ ৥ কোন হরমোন কলমে মূল উৎপন্ন করতে সাহায্য করে?

উত্তর : অঙ্গিন হরমোন কলমে মূল উৎপন্ন করতে সাহায্য করে।

প্রশ্ন ৫ ৥ নিউরনের প্রধান অংশ কয়টি?

উত্তর : নিউরনের প্রধান অংশ তিনটি।

প্রশ্ন ৬ ৥ সিন্যাপস কী?

উত্তর : সিন্যাপস হলো একটি নিউরনের অ্যাক্সন-এর সাথে অন্য একটি নিউরনের ডেনড্রনের সংযোগস্থল।

প্রশ্ন ৭ ৥ ডেনড্রাইট কী?

উত্তর : ডেনড্রাইট হলো নিউরনে কোষদেহ থেকে উৎপন্ন ডেনড্রনের এক একটি ছোট শাখা।

প্রশ্ন ৮ ৥ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ কয়টি?

উত্তর : কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ দুইটি।

প্রশ্ন ৯ ৥ গুরুমস্তিষ্কের কোথায় ধূসর বস্তু থাকে?

উত্তর : গুরুমস্তিষ্কের বাইরের অংশে ধূসর বস্তু থাকে।

প্রশ্ন ১০ ৥ প্রতিবর্ত ক্রিয়া কয়টি অংশের সমন্বয়ে গঠিত?

উত্তর : প্রতিবর্ত ক্রিয়া পাঁচটি অংশের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন ১১ ৥ ঘাম কী?

উত্তর : মানবদেহের ত্বকের লোমকূপগুলো দিয়ে শরীরের যে অতিরিক্ত বর্জ্য নিঃসৃত হয় তাকে ঘাম বলে।

প্রশ্ন ১২ ৥ মূত্রের কত ভাগ নাইট্রোজেন ঘটিত পদার্থ?

উত্তর : মূত্রের শতকরা ৮০ ভাগই নাইট্রোজেন ঘটিত পদার্থ।

প্রশ্ন ১৩ ৥ নিউরনে কী থাকে না?

উত্তর : নিউরনে সেন্ট্রিওল থাকে না।

প্রশ্ন ১৪ ৥ কোন কোষের গঠন দেহকোষের চেয়ে ভিন্ন?

উত্তর : নিউরনের গঠন দেহকোষের চেয়ে ভিন্ন।

প্রশ্ন ১৫ ৥ মেবুরঞ্জুর ভিতরে কী থাকে?

উত্তর : মেবুরঞ্জুর ভিতরে থাকে ধূসর পদার্থ।

প্রশ্ন ১৬ ৥ মেবুরঞ্জুর বাইরে কী থাকে?

উত্তর : মেবুরঞ্জুর বাইরে থাকে শ্বেত পদার্থ।

প্রশ্ন ১৭ ৥ হৃৎপিণ্ড, ফুসফুস, ক্ষরণকারী গ্রন্থি ইত্যাদি কী দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়?

উত্তর : হৃৎপিণ্ড, ফুসফুস, ক্ষরণকারী গ্রন্থি ইত্যাদি স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।

□ অনুধাবনমূলক ----- //

প্রশ্ন ১ ৥ ফাইটোহরমোন বলতে কী বুঝায়?

উত্তর : উদ্ভিদের বৃদ্ধি ও বিকাশ, বিভিন্ন অঙ্গ সৃষ্টি এবং সকল শারীরবৃত্তীয় কাজের নিয়ন্ত্রণ যে সকল জৈব রাসায়নিক পদার্থের প্রভাবে হয়ে থাকে, তাদের ফাইটোহরমোন বলে।

প্রশ্ন ২ ৥ গ্রে ম্যাটার এবং হোয়াইট ম্যাটার বলতে কী বুঝায়?

উত্তর : কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের যে অংশে কেবল নিউরনের কোষদেহ থাকে তাকে গ্রে ম্যাটার এবং যে অংশে কেবল স্নায়ুতন্তু থাকে তাকে হোয়াইট ম্যাটার বলে।

প্রশ্ন ৩ ৥ অ্যাক্সন ও ডেনড্রনের মধ্যে দুটি পার্থক্য উল্লেখ কর।

উত্তর : অ্যাক্সন ও ডেনড্রন এর মধ্যে পার্থক্য :

অ্যাক্সন	ডেনড্রন
১. কোষদেহ থেকে উৎপন্ন একটি লম্বা প্রলম্বিত অংশ।	১. কোষদেহ থেকে উৎপন্ন একাধিক ক্ষুদ্র শাখা-প্রশাখা।
২. একটি নিউরনে একটি অ্যাক্সন থাকে।	২. একটি নিউরনের অসংখ্য ডেনড্রন থাকে।

প্রশ্ন ৪ ৥ স্নায়ুতন্ত্রে সিন্যাপস না থাকলে কী হতো?

উত্তর : অ্যাক্সন ও ডেনড্রনের মিলনস্থলকে সিন্যাপস বলে। এক স্নায়ুকোষ থেকে স্নায়ু তাড়নাকে অপর স্নায়ুকোষে পরিবাহিত করা সিন্যাপসের কাজ। সুতরাং সিন্যাপস না থাকলে প্রাণিরা বাইরের ও ভিতরের উদ্দীপনায় সাড়া দিতে পারত না এবং স্নায়ুতন্ত্র অকার্যকর হয়ে পড়ত।

প্রশ্ন ৫ ৥ স্নায়ুতন্ত্রের কাজ ব্যাখ্যা কর।

উত্তর : দেহের বিভিন্ন অংশের উদ্দীপনা বহন করা, দেহের বিভিন্ন অঙ্গের কাজের সমন্বয় সাধন করা ও পরিবেশের সাথে সম্পর্ক রাখা স্নায়ুতন্ত্রের প্রধান কাজ। অর্থাৎ আমাদের চলাফেরা, কোনো বিষয়ে চিন্তা করা, হাতে গরম লাগলে দ্রুত হাত সরিয়ে নেওয়া ইত্যাদি ঘটে বিভিন্ন উদ্দীপকের কার্যকারিতার ফলে যা স্নায়ুতন্ত্র দ্বারা নিয়ন্ত্রিত।

প্রশ্ন ৬ ৥ উদ্ভিদে ইথিলিনের ভূমিকা ব্যাখ্যা কর।

উত্তর : উদ্ভিদে ইথিলিনের ভূমিকা অপরিসীম। ইথিলিন হরমোনটি গ্যাসীয় পদার্থ। এটি ফল পাকাতে সাহায্য করে। এ হরমোন ফল, ফুল, বীজ, পাতা ও মূলে পাওয়া যায়। এর প্রভাবে চরাগাছে বিকৃত বৃষ্টি লক্ষ করা যায়।

প্রশ্ন ৭ ৥ কোষদেহ বিভাজিত হয় না কেন?

উত্তর : কোষদেহে সেন্ট্রিওল থাকে না বলে এটি বিভাজিত হয় না। প্রাণীকোষের বিভাজনে সেন্ট্রিওলের উপস্থিতি অত্যাৱশ্যকীয়। কোষদেহ কোষ আবরণী, সাইটোপ্লাজম ও নিউক্লিয়াস দ্বারা গঠিত। কিন্তু এই কোষে সেন্ট্রিওল থাকে না। তাই এরা অন্যান্য কোষের মতো বিভাজিত হয় না।

প্রশ্ন ৮ ৥ বৃক্ক কীভাবে দেহকে সুস্থ রাখে?

উত্তর : বৃক্ক রক্ত থেকে ক্ষতিকর পদার্থ হেঁকে নেয়ার মাধ্যমে দেহকে সুস্থ রাখে। বৃক্ক মূত্র তৈরির কারখানা। এটি মানুষের দেহের প্রধান রেনচন অঙ্গ। বৃক্কের মাধ্যমে দেহের নাইট্রোজেনযুক্ত তরল, দূষিত পদার্থ পরিত্যক্ত হয়। বৃক্ক ছাঁকনির মতো কাজ করে। এই ক্ষতিকর পদার্থসমূহ পানির সাথে মিশে মূত্র তৈরি করে। এভাবে মূত্রের

মাধ্যমে শতকরা ৮০ ভাগ নাইট্রোজেন ঘটিত বর্জ্য বের হয়ে যায় এবং দেহ সুস্থ থাকে।

প্রশ্ন ৯ ৥ মস্তিষ্কের মাধ্যমে কীভাবে বিভিন্ন অঙ্গের কার্যক্রম পরিচালিত হয়?

অথবা, মস্তিষ্ককে স্নায়ুতন্ত্রের কেন্দ্র বলা হয় কেন?

উত্তর : মস্তিষ্কের বিভিন্ন অংশ সারাদেহ থেকে অনুভূতি স্নায়ু, মেরুরঞ্জুর মাধ্যমে মস্তিষ্কে এসে পৌঁছায় এবং মস্তিষ্কের প্রেরিত আদেশের মাধ্যমে বিভিন্ন অঙ্গের কার্যক্রম চালিত হয়। একারণেই, মস্তিষ্ককে স্নায়ুতন্ত্রের কেন্দ্র বলা হয়।

প্রশ্ন ১০ ৥ সিন্যাপস বলতে কী বঝায়?

উত্তর : একটি স্নায়ুকোষের অ্যাক্সন অন্য একটি স্নায়ুকোষের ডেনড্রনের সাথে মিলিত হওয়ার স্থানকে সিন্যাপস বলে। সিন্যাপসের মধ্য দিয়েই একটি নিউরন থেকে স্নায়ু উদ্দীপনা পরবর্তী নিউরনে প্রবাহিত হয়।

প্রশ্ন ১১ ৥ স্নায়ুকেন্দ্র কীভাবে সৃষ্টি হয়?

উত্তর : গুরুমস্তিষ্কের ধূসর পদার্থের মধ্যে কয়েকটি স্তরে সাজানো বিশেষ স্নায়ুকোষ দেখা যায়। এই কোষগুলো গুরুমস্তিষ্কের বিভিন্ন অংশে স্থানে স্থানে গুচ্ছ বেঁধে স্নায়ুকেন্দ্র সৃষ্টি করে।

প্রশ্ন ১২ ৥ দেহকোষ ও স্নায়ুকোষের দুটি পার্থক্য লেখ।

উত্তর : দেহকোষ ও স্নায়ুকোষের দুইটি পার্থক্য নিচে প্রদত্ত হলো :

দেহকোষ	স্নায়ুকোষ
১. সেন্ট্রিওল থাকে।	১. সেন্ট্রিওল থাকে না।
২. এগুলো উদ্দীপনা বহন করে না।	২. উদ্দীপনা বহন করে।